

অর্ধ-বার্ষিক পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন-১

শ্রেণি: একাদশ

বিষয়: ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র (সৃজনশীল)

বিষয় কোড- ২৯২

সময়: ৪৫ মিনিট

পূর্ণমান: ২০

১. নিচে দুটি কোম্পানির তথ্য সন্নিবেশ করা হলোঃ

কোম্পানি	শেয়ার প্রতি আয়			প্রতি শেয়ারের বাজারমূল্য		
	১ম বছর	২য় বছর	৩য় বছর	১ম বছর	২য় বছর	৩য় বছর
A	২০	২৭	৪০	২০০	২০০	১৯০
B	২০	২০	২০	২২০	২৫০	২৭০

- ক) তহবিলের বন্টন কী? ১
- খ) 'তারল্য ও মুনাফার মধ্যে ইতিবাচক সম্পর্ক বিদ্যমান'- ব্যাখ্যা করো? ২
- গ) কোম্পানি A অর্থায়নের কোন লক্ষ্যটি অর্জন করেছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ) সম্পদ সর্বাধিকরণের লক্ষ্য বিবেচনায় কোন কোম্পানিতে বিনিয়োগ করা উত্তম? বিশ্লেষণ করো। ৪

২. মি. রফিক ও এবং মি.ফারুক দুইজন বন্ধু মিলে সিদ্ধান্ত নিল যে তারা আর্থিক বাজারে বিনিয়োগ করবেন। মি. রফিক তার মোট মূলধন দিয়ে বাণিজ্যিক কাগজ এবং ট্রেজারি বিল ক্রয় করলেন। অন্যদিকে, মি.ফারুক তার মোট মূলধন দিয়ে সাধারণ শেয়ার, অগ্রাধিকার শেয়ার এবং বন্ড ক্রয় করলেন।

- ক) কল মানি রেট কী? ১
- খ) মানি লন্ডারিং বলতে কী বোঝায়? ২
- গ) উদ্দীপকের আলোকে মি. রফিক কোন ধরনের বাজারে বিনিয়োগ করেছেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ) দীর্ঘ সময় ধরে মুনাফা অর্জন করতে চাইলে দুইজন বন্ধুর মধ্যে কার বিনিয়োগ সিদ্ধান্তটি যৌক্তিক? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪